

টেলিস্কোপ

'গিল্মি'-র সঙ্গে

গাঁটছড়া
বাঁধছেন!

১২ ডিসেম্বর জলন্ধরেই বসবে
কপিল ও গিল্মি-র বিয়ের আসর।
আর ১৪ ডিসেম্বর মুম্বইতে হবে
গ্র্যান্ড রিসেপশন।

কপিল অবশ্য খুব জাঁকজমক
সহকারে বিয়ে করতে চাইছিলেন
না। কিন্তু কপিলের মা এবং গিল্মি-র
পরিবার চাইছেন বেশ ধুমধাম করেই
বিয়েটা হোক। অতএব দু'পক্ষের
ইচ্ছাকে শেষপর্যন্ত সম্মান জানাতেই
হচ্ছে কপিলকে।

পেশার জগতে বিভিন্ন বাদানুবাদ
ও বিতর্ক থেকে বেরিয়ে আসতে
প্রাণপণ চেষ্টা চালাচ্ছেন কপিল।

মদ্যপানের নেশা থেকে বেরিয়ে
আসতে রিহাবেও কাটিয়েছেন
কপিল। টিভির পর্দায় সাম্প্রতিক
অনুপস্থিতি ও ব্যর্থতা কাটিয়ে ফিরে
আসতেও দারুণভাবে উদ্যোগী তিনি।
ব্যস্ত একটি পাঞ্জাবি ছবির প্রযোজনা
নিয়োগ।

হয়তো সেই কারণেই ছোট্ট করে

বিয়েটা সারতে চেয়েছিলেন কপিল।
কিন্তু তা হচ্ছে বড় করেই!

সকলেই চান, ব্যক্তিগত জীবনে
'গিল্মি'-র সঙ্গে জমিয়ে সংসার করুন
কপিল। আর পুরোনো ফর্মে ফিরে
আসুন টিভির পর্দায়। টেলিস্কোপের
আগাম শুভেচ্ছা কপিল ও গিল্মিকে।

চন্দন রায়

গার্লফ্রেন্ড 'গিল্মি'! তাকেই
এবার বিয়ে করে নিজের
গিল্মি বানাতে চলেছেন

ছোটপর্দার কমেডি কিং কপিল শর্মা।
সাতপাকে বাঁধা পড়ার খবরটা
নিজেই সংবাদমাধ্যমকে জানিয়েছেন
কপিল।

অথচ গত বছরের আগে
কপিলের বান্ধবীর ব্যাপারে কেউ
কিছুই জানতেন না। বরং নিজের
শো-তে আমন্ত্রিত বলিউডি
নায়িকাদের সঙ্গে কপিলের
খুনশুটি দেখে কপিলের ভক্তকুল
ভাবতেন, কোনও নায়িকার সঙ্গে কি
পরিণয়সূত্রে আবদ্ধ হবেন ছোটপর্দার
কৌতুক শিল্পের রাজা?

২০১৭-র মার্চ মাসে সোশ্যাল
মিডিয়ায় প্রথম নিজের বান্ধবী
হিসেবে গিল্মি ছত্রাখের সঙ্গে
পরিচয় করান কপিল শর্মা। টুইটারে
'গিল্মি'-র ছবি পোস্ট করে সেইসময়
কপিল মন্তব্য করেছিলেন, 'বলব না,
ইনি আমার অর্ধাঙ্গিনী... ও আমার
পরিপূর্ণ করেছে ... ভালবাসি তোমায়

গিল্মি... দয়া করে ওকে স্বাগত
জানান... আমি ওকে সত্যিই খুব
ভালবাসি।'

তখনই সবাই বুঝেছিলেন
বিয়েরও তাহলে খুব দেরি নেই।
সত্যিই দেরি করলেন না কপিল।
গত মাসেই জানা গেল আগামী ১২
ডিসেম্বর 'গিল্মি'-র সঙ্গে গাঁটছড়া
বাঁধছেন কপিল।

কিন্তু অনেকেই জানতে চান কে
এই গিল্মি? বা 'গিল্মি'-ই কেন?
আসলে গিল্মি ও কপিলের
সম্পর্কটা তাদের কলেজ জীবন
থেকেই চলছে।

পাঞ্জাবের জলন্ধরে কলেজের
দিনগুলিতে কপিল ও গিল্মি
দু'জনেই স্ট্যান্ড-আপ কমেডি করে
জনপ্রিয়তা পাচ্ছিলেন। এমনকি
কপিল, গিল্মি-র জন্য 'শো'-এর
ব্যবস্থা করতেও উদ্যোগ নিতেন
কলেজ জীবনে।

সেই থেকে বিগত দশ বছরেরও
বেশি পরস্পরের সূখে-দুঃখে পাশে
আছেন দু'জনেই। স্ট্যান্ড-আপ

কমেডিয়ান থেকে ছোটপর্দা এমনকি
বড়পর্দার অভিনয় জগতেও নাম,
যশ, খ্যাতি কুড়িয়েছেন কপিল।
তাঁর ভক্ত এখন সর্বত্র। কিন্তু নাম
করেও ভুলে যাননি কলেজ জীবনের
বান্ধবী গিল্মিকে। বলিউডি নায়িকাদের
সঙ্গে পেশাগত কারণে খুনশুটি
বজায় রাখলেও মনের মণিকোঠায়
পাকাপাকিভাবে আসন দিয়েছিলেন
বান্ধবী গিল্মি ছত্রাখকেই।

গিল্মিও কপিলের খারাপ সময়ে
পাশে থেকেছেন বরাবর। নিজে
সরে গিয়েছেন পাদপ্রদীপের আলো
থেকে। গ্ল্যামার জগতকে বিদায়
জানিয়ে নিজের বাবার সঙ্গে কাজে
মন দিয়েছেন। গিল্মি একজন এমবিএ।
কপিলের মা-ও গিল্মিকে বেশ পছন্দ
করেন।

ইতিমধ্যে পাঞ্জাবি সিনেমা এবং
টিভি শো-এর একাধিক অফার
পেয়েছিলেন গিল্মি কিন্তু সযত্নে
তা প্রত্যাখ্যান করেছেন। আসলে
নেপথ্যে থেকে কপিলের সাফল্য
উদ্বাপন করতেই তিনি আগ্রহী।

ফেরা-১



মাঝ আকাশে মদ্যপ বন্ধুর অপমান হজম
করে নেননি। বেরিয়ে গিয়েছিলেন জনপ্রিয়
কমেডি শো ছেড়ে। তারপর
একাধিকবার ক্ষমা চাইলেও কপিল
শর্মা-র সঙ্গে সম্পর্ক জোড়া
লাগেনি বন্ধু সুনীল গ্রোভারের।
বড়পর্দায় দুটি গুরুত্বপূর্ণ ছবিতে
অভিনয়ের পর সুনীল আবার
ফিরছেন ছোটপর্দায় চেনা জগতে।
জনপ্রিয় এই কমেডিয়ানকে শীঘ্রই
দেখা যাবে টিভিতে একটি মিনি
কমেডি সিরিজে।

নতুনভাবে 'দ্য কপিল শর্মা শো' ফিরে
আসার কথা ছিল দীপাবলিতেই। কিন্তু চ্যানেলের
তরফ থেকে জানা গেল ২৬
নভেম্বর থেকেও শুরু হচ্ছে না এই
শো। আপাতত যা খবর, তাতে
'দ্য কপিল শর্মা শো'-এর নতুন
সংস্করণ দেখা যাবে ১১ ডিসেম্বর
থেকে।

তবে দর্শকদের অনেকেই
সন্দিহান শেষপর্যন্ত ডিসেম্বরেও
শুরু হবে তো? আপাতত
অপেক্ষায় থাকা ছাড়া গতি নেই।

ফেরা-২

